শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩
Mymensingh Palli Bidyut Samity-3.
(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)
ISO 9001:2015 Certified

ময়মনসিংহ পবিস-৩
শম্ভুগঞ্জ, সদর, ময়মনসিংহ।
Email: mpbs3@yahoo.com
Web: pbs3.mymensingh.gov.bd

মুজিব শতবর্ষ

স্মারক নং-২৭.১২.৬১৫২.৫৬৪.০২.০০৮.২১. ৬১৭(৬)    তারিখ: ২৮ অক্টোবর, ২০২১ খ্রিস্টাব্দ
১২ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ

## বিষয়: আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি।

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এ নিম্নবর্ণিত শূণ্য পদ পূরণের লক্ষ্যে সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-৮, ৩০০-১৪, ৩০০-২৪ এবং ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

## পদের নামঃ অফিস সেক্রেটারী।

প্রার্থীর যোগ্যতাঃ

| | |
|---|---|
| (ক) | কম্পিউটার অপারেটর পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরের সন্তোষজনক কাজের অভিজ্ঞতা থাকতে হবে। |
| (খ) | প্রতি মিনিটে ন্যূনতম ৬০ (ষাট) টি ইংরেজী অথবা ৪০ (চল্লিশ) টি বাংলা শব্দ শ্রুতি লিখনের দক্ষতা থাকতে হবে। |
| (গ) | প্রতি মিনিটে ন্যূনতম ৩৫ (পঁয়ত্রিশ) টি ইংরেজী শব্দ অথবা ৩০ (ত্রিশ) টি বাংলা শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। |
| (ঘ) | কম্পিউটার উইন্ডোজ অপারেটিং সিস্টেম সম্পর্কিত জ্ঞান থাকতে হবে। |
| (ঙ) | পদোন্নতির ক্ষেত্রে ময়মনসিংহ পবিস-৩ এর "পবিস কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত-২০১২)" ও পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এর বিধি বিধান প্রতিপালন করা হবে। |
| (চ) | বিগত ০৩ বৎসরের কর্মমূল্যায়নের ন্যূনতম রেটিং ৩.৫০ থাকতে হবে। |
| (ছ) | বাংলা ও ইংরেজী ব্যকরণসহ বানান, বিরাম চিহ্ন ব্যবহার ও বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। |
| (জ) | সম্পাদিত কার্যাদি সুবিন্যস্ত ও পরিস্কারভাবে উপস্থাপনের দক্ষতা থাকতে হবে। |
| (ঝ) | দাপ্তরিক চিঠিপত্র, তথ্যাদি রিপোর্ট ইত্যাদি নথিভূক্ত করণের পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। |
| (ঞ) | দর্শনার্থীদের সাথে সৌজন্যমূলক ও মাধুর্য্যপূর্ণ আচরণ করার সক্ষমতা থাকতে হবে। |

### অন্যান্য শর্তাবলীঃ

০১। আগ্রহী প্রার্থীগণকে স্ব-স্ব পদের বিপরীতে সাদা কাগজে স্বহস্তে বাংলায় লিখিত আবেদন যথাযথভাবে পূরণ পূর্বক বর্তমানে বিভাগীয় তদন্ত চলমান নাই মর্মে প্রত্যয়নপত্র, বিনা আপত্তির সদনপত্রসহ পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারের সুস্পষ্ট সুপারিশ, বর্তমান পদে যোগদান ও চাকুরী নিয়মিতকরণ পত্রের ফটোকপি, সাম্প্রতিক কালে তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি, পদোন্নতির জন্য পবিস নির্দেশিকা ৩০০-৮, ৩০০-১৪, ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণের ফলাফলের সত্যায়িত ফটোকপি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি, বিগত ০৩ (তিন) বৎসরের কর্মমূল্যায়নের ফটোকপি যা এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতঃ আগামী ১৩/১১/২০২১খ্রিঃ তারিখ রোজ শনিবার নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তর, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ এ স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

| | | |
|---|---|---|
| (০১) | সকাল ১০ টা ৩০ | অফিস সেক্রেটারী পদে নির্বাচনী পরীক্ষা |

০২। **পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে না-**

| | |
|---|---|
| (ক) | সর্বশেষ ০৩ (তিন) বছরে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন; |
| (খ) | সর্বশেষ ০১ (এক) বছরে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন; |
| (গ) | সর্বশেষ ০৫ (পাঁচ) বছরের ভিতরে একাধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন; |
| (ঘ) | বিগত ০৪ (চার) বছরের ভিতরে একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন; |
| (ঙ) | বিগত (০৩) তিন বছরের ভিতরে একাধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন; |
| (চ) | পদোন্নতির জন্য তিনবার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন; |
| (ছ) | বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময়কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না; |
| (জ) | কোন কর্মচারীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি তৎসময়কালে পদোন্নতির জন্য বিবেচিত হবেন না; |

অঃপৃঃদ্রঃ

০৩। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটার প্রযোজ্য নয়। তবে অত্র পবিসের ভৌগলিক এলাকা অর্থাৎ ময়মনসিংহ জেলার সদর, অষ্টাধর ইউনিয়নের আশিংক (আওতাভুক গ্রাম-তারাপুর, সেনেরচর, রেহাইতারাপুর), কুষ্টিয়া ইউনিয়নের আংশিক (আওতাভুক্ত গ্রাম-চরদরিকুষ্টিয়া, বালুরচর) গৌরীপুর, ঈশ্বরগঞ্জ, তারাকান্দা, ফুলপুর, হালুয়াঘাট,ধোবাউড়া উপজেলার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।

০৪। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য চলতি দায়িত্ব পদে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্ব চলাকালীন কর্মসম্পাদনের মান সন্তোষজনক ও সংশোধিত পবিস নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট প্রশিক্ষণে উত্তীর্ণ হওয়া সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে।

০৫। অত্র পবিসে কর্মরত কোন কর্মচারী বা এলাকা পরিচালক/মহিলা পরিচালকগণের স্বামী/স্ত্রীর সহিত রক্ত সম্পর্কীয় কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নাই।

০৬। কোন প্রার্থী তথ্য গোপন করে বর্ণিত পদে পদোন্নতি প্রাপ্ত হওয়ার পর পরবর্তীতে তা প্রমাণিত হলে তার বিরুদ্ধে পবিস কর্মচারী চাকুরী বিধির আলোকে যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭। নির্বাচনী পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৮। যে কোন আবেদন এবং এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

০৯। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যেকোন বিষয় নিস্পত্তির ক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১০। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ এবং ৩০০-১৭ অনুযায়ী পে-প্রোটেকশন প্রদান করা হবে।

(খঃ শামীম আলম)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

অনুলিপিঃ (সদয় অবগিতর জন্য)।

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাপবিবো, ঢাকা। → বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করা জন্য অনুরোধসহ।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ---------------------------পবিস-১/২/৩/৪।
০৫। ডিজিএম, ফুলপুর/ঈশ্বরগঞ্জ/হালুয়াঘাট জোনাল অফিস/সদর দপ্তর-কারিগরি, ময়মনসিংহ পবিস-৩।
০৬। এজিএম (অর্থ/ওএন্ডএম/ইএন্ডসি/(সদস্য সেবা/আইটি), ময়মনসিংহ পবিস-৩।
০৭। এজিএম(ওএন্ডএম) ধোবাউড়া/তারাকান্দা সাব-জোনাল অফিস, মপবিস-৩।
০৮। জনাব মোছাঃ মাহাবুবা ইসলাম, জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), মপবিস-৩। | অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো।
০৯। অফিস কপি/মাস্টার কপি।

(খঃ শামীম আলম)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)